10

05 NOV 1994

তারিখ 05 NOV 1994

পৃষ্ঠা ৭ কলাম ৬

দৈনিক ইত্তেফাক

# অসঙ্গতিপূর্ণ হইলে শিক্ষা প্রতিষ্ঠানের ট্যাক্স হ্রাস করা হইবে

……………… মেয়র হানিফ

ঢাকা সিটি করপোরেশনের মেয়র মোহাম্মদ হানিফ বলিয়াছেন, নগরীতে অবস্থিত বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানের বাৎসরিক ট্যাক্স অসঙ্গতিপূর্ণ হইলে পরীক্ষা করিয়া দেখার পর তাহা কমাইবার উদ্যোগ

(১১শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## মেয়র হানিফ

(১ম পৃঃ পর)

নেওয়া হইবে। মেয়র হানিফ গতকাল (শুক্রবার) বিকালে সিদ্ধেশ্বরী গার্লস কলেজ মিলনায়তনে বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ঢাকা মহানগর কমিটির ৪র্থ দ্বি-বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির ভাষণদানকালে একথা বলেন। মিঃ নিরঞ্জন অধিকারীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সম্মেলনে সমিতির কেন্দ্রীয় সভাপতি ডঃ ম, আখতারুজ্জামানসহ বিভিন্ন কলেজের প্রিন্সিপাল এবং শিক্ষক নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। মেয়র হানিফ সমিতির আন্দোলনের সহিত একাত্মতা ঘোষণা করিয়া অবিলম্বে কুদরত-এ-খুদা শিক্ষা কমিশন রিপোর্ট বাস্তবায়ন এবং শিক্ষাঙ্গন হইতে সন্ত্রাস নির্মূলের জন্য সংশ্লিষ্ট মহলের প্রতি আহ্বান জানান।

—প্রেস বিজ্ঞপ্তি